আন্দোলন করে খালেদাকে মুক্ত করা যাবে না : হানিফ

নিউজবিডি৭১ডটকম
ঢাকা: আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব উল আলম হানিফ বলেছেন, খালেদা এতিমের টাকা আত্মসাতের দায়ে আদালতের রায়ে দন্ডিত হয়ে কারাগারে আছেন। আন্দোলন করে বেগম খালেদা জিয়াকে মুক্ত করা যাবে না।

আজ সোমবার কুষ্টিয়া গালর্স স্কুলে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে যোগ দেয়ার আগে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

হানিফ বলেন, যে সাবেক প্রধানমন্ত্রী এতিমের টাকা আত্মসাতের দায়ে কারাগারে থাকেন তার কাছ থেকে গণতন্ত্র জাতি আশা করে না।

‘বর্তমান সরকারের জনপ্রিয়তা এখন শূন্য’ জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহাম্মদ এরশাদ এর এমন বক্তব্যের জবাবে হানিফ বলেন, বাংলাদেশের মানুষ জানেন সাবেক রাষ্ট্রপতি এরশাদ সাহেবের বয়স এখন নব্বই এর কোঠায়। একজন বয়স্ক মানুষ কখন কোথায় কি বলে তা বক্তব্যের মধ্যে আসে না।

তিনি বলেন, আওয়ামী লীগের জনপ্রিয়তা যদি শূণ্যের কোঠায় হয় তাহলে দুইদিন আগে এরশাদ সাহেব বললেন আওয়ামী লীগের সঙ্গে তারা সত্তরটি আসনে নির্বাচনে শরিক হতে চান। এরশাদ সাহেবের বয়স হয়েছে। তাই এই বয়সে তার বক্তব্যে আমলে নেয়ার কোন যুক্তিকতা নেই।

এ সময় জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি রবিউল ইসলাম, কুষ্টিয়া জজ কোটের পিপি এ্যাডভোকেট অনুপ নন্দী, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাদ আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন।

নিউজবিডি৭১/আ/১৬ এপ্রিল, ২০১৮